

# ছড়ায় ছেটানো ভারতীয় ক্রিকেটার মিঠু ঘোষাল

## কপিলদেব

জাঠের ঘরের ছেলে কপিল  
বিশ্বসেরা ক্রিকেটার  
ফেঁদেছেন যে ব্যবসা এখন  
বিশাল বড় হোটেল তাঁর।

## সৌরভ গাঙ্গুলী

অভিযোকেই শতরান।  
পরে দলের হলে কাপ্তান  
টিভি শোয়ে দেখিয়ে মুখ  
জুড়িয়ে দিলে সবার বুক  
গৌরব তুমি,সৌরভ তুমি  
বাংলামায়ের কৃতি সন্তান।

## শচীন তেজ্জুলকর

এতো রান করেও তোমার  
মিটলো না কি শচীন থিদে?  
সাহিত্যিকের মডেল ছেলে  
মুহুর্হয়ে খুললে এবার  
হোটেল তুমি নিজেই নিজে!

## বীরেন্দ্র সেহয়াগ

আতাগাছে তোতাপাখী  
ডালিমগাছে মৌ  
জজসাহেবের মেয়ে হলো  
সেহয়াগ মিএগার বৌ।

## রাহুল দ্রাবিড়

দেখতো জগৎ আঁখে ফাঢ়কে  
'ড্যানড্রাফ'গিয়ে 'ভুল'  
আসতো মাঠে যখনই রাহুল  
'মিষ্টার ডিপেন্ডেবেল, মিষ্টার কুল!'

## যুবরাজ সিং

দেখালো কলা শর্মা কিম।  
নাচিয়ে দিলো ছেড়ে দীপিকা  
দ্বিতি জিটাও খেলো পাণ্টি  
শ্রেণীয় যুবি বলে অতঃকিম?'

## হরভজন সিং

রানের দেন বইয়ে বন্যা  
মেন উইকেট ডজন ডজন  
ভাঙ্ডা নেচে আসরও জমান  
পাঞ্জাবীমুন্ডা হরভজন।

## মহেন্দ্র সিং খেনি

দীপিকা পাড়ুকোন দিলো ফিরিয়ে  
তোমার দেওয়া ফুলের বোকে।  
লম্বা ও চুল কাটলো নাকি  
ধোনি তুমি সেই শোকে?

## গৌতম গাঞ্জীর

গঙ্গীর তোমার মুখ এতো  
যেন আলুর দম।  
খেলার মাঠে চনমনে  
থাকো তো ঠিকই তুমি গৌতম!

## বিনোদ কাম্পলী

রিয়েলিটি শোয়ে কাম্পলী  
দেখে তোমার নাচ  
লক্ষ লক্ষ সুন্দরীর  
বেড়ে গেলো আঁচ।  
যেদিন টোপর পরলে তুমি  
ভাঙ্গলো শত নারীর হৃদয়  
যেন রঞ্জীন কাচ।

## জাহির খান

রেকর্ড তুমি গড়ো আবার  
ভেঙ্গেও করো খানখান  
দেশবিদেশের যত বৃপ্তসী  
করে তোমায় হৃদয়দান।

### **বিরাট কোহলি**

এতো হ্যান্ডসাম দেখতে তোমায়  
ওগো বিরাট কোহলি,  
খেলার মাঠেও চালাও জাদু  
তবু কেন জুটছেনা কো  
বলো তোমার কোনও সহেলি ?

### **আশীষ নেহরা**

শুধুই খেলে নন তুষ্ট আশীষ নেহরা  
আশ যে তাঁর বড়  
অ্যাড ফিল্মে দেখান তিনি তাঁর চেহরা।  
দিচ্ছনা কেউ চাপ্টা তেমন  
লাগছে যে চেট বুকে তাই  
বহুত বহুত গহেরা।

### **মুনাফ প্যাটেল**

এতো জনকে দেখেও কেন হয় গো মনে  
নয় মোটেই এনাফ  
তোমার বিহনে শুধু ও মুনাফ ?  
তোমায় ছাড়া অধুরা যে খেলার মাঠ  
শুনে রাখো গো মুনাফ প্যাটেল।

### **ইউসুফ পাঠান**

মাথায় টাক থাকলে পরে  
টাকা নাকি বেড়েই চলে  
প্রাচীন লোকে বলে।

ইউসুফ মিএগ বাড়িয়ে চলেন টাক  
তাই কি খেলার তালে তালে

### **ইরফান পাঠান**

খেলার মাঠে ইউসুফ-ইরফান  
দেখান প্রতিভার মেলা  
আত্মদয়ের খেলা  
দেখে যা এই বেলা  
দু দলের দুই মহারথী  
ব্যাটে বলে মুখোমুখি  
যেজনই জিতুন

### **জননী তাঁদের সুখী !**

আর পি সিং  
দেখতে সাদামাটা ছেলে  
ক্রিকেট কিন্তু ভালোই খেলে  
বল হাতে নাচে ‘রিঙারিঙা’  
অতি চেনা আমাদের আর পি সিং।

### **প্রবীন কুমার**

শুনবোনা আর ধ্রুপদ ধামার  
খেলার মাঠে ধ্রুপদীগান  
বলে ব্যাটে কেউ শোনান  
কে তিনি আর  
ফাস্টবোলার প্রবীন কুমার।

### **জাদেজা**

কি যাদু জাদেজা নামে  
ভুলতে নারে রামে শ্যামে।  
এক জাদেজার রাজপাট  
গেগো অবসানে  
এক জাদেজা এলেন মাঠে  
ফের খেলার টানে।

### **অশ্বিন**

দেখতে গিয়ে ক্রিকেট ম্যাচ  
যতেক ইয়াং মেয়ে এবং ছেলে  
নাচে তা ধিনধিন  
নাম নিয়ে যাঁর  
তিনি রবিচন্দন অশ্বিন।

### **রায়না**

বুকে গর্জায় বাঘ যে তাঁর  
চোখ মেন হায়না।  
খেলার মাঠে সামনে তাঁর  
পড়তে কেউই চায়না।  
ক্রিকেট ছাড়া একটি সেকেন্ড  
যাঁর কিছুতেই যায়না,  
আর তো কেউ নন গো তিনি

তিনি আমাদের রায়না।

**রবীন উথাঙ্গা**

জিতিয়ে আনো ম্যাচ এমনে

যেন খাচ্ছা গোলগাঙ্গা।

ডেইনিং ফ্যাক্টর নাম তোমার

তাই তো রবীন উথাঙ্গা।

**পীযুষ চাওলা**

বল যায়না বাড়ভারিতে

যায় আগুনের গোলা

ব্যাটে তোমার জাদু এমনই

ওগো পীযুষ চাওলা!

**মিঠু ঘোষাল**

গভর্নেন্ট ইন্ডাস্ট্রিয়াল হাউসিং এস্টেট। ব্লক- কিউ। ফ্ল্যাট নম্বর-১৩।

বজবজ। কলকাতা-৭০০১৩৭।

ফোন নম্বর- ০৩৩২৪৯২৪৩৪১, ০৩৩২৪৭০-৩৬৩৭। মোবাইল নম্বর- ৯০০৭৭৮৪৪৮৬

৮৯০২৬৮৫২৯২, ৯২৩১৮১১৫৩৬, ৮৯৬১৩২৬০০৮।